

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
জামালপুর সদর, জামালপুর।
jamalpursadar.jamalpur.gov.bd

স্মারক নং- ৩১.৪৫.৩৯৩৬.০০১.০০৩.০২.২০-৫২

তারিখ: ২৬ জানুয়ারি ২০২৩ খ্রি.

দরপত্র আহবান
বিজ্ঞপ্তি নং-০১/১৪৩০

“সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী” জামালপুর সদর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন (২০.০০ একরের নিম্নে) ইজারাযোগ্য জলমহাল ১৪৩০-১৪৩২ বর্ষাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ : অধিশাখার ১৩ ডিসেম্বর ২০২২ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২).৪৭ নং স্মারকমূলে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলী/শর্তাবলী ও চেকলিষ্ট অনুসরণপূর্বক অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

সময়সূচি:

অনলাইনে আবেদন দাখিল	দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালপুর সদর এ দাখিল
২০/০১/২০২৩ খ্রি. থেকে ০৮/০২/২০২৩ খ্রি.	০৯/০২/২০২৩ খ্রি. থেকে ১১/০২/২০২৩ খ্রি. (অফিস চলাকালীন সময়ে)

১৪৩০-১৪৩২ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তফসিল ও ইজারামূল্য

উপজেলার নাম	জলমহালের নাম	আয়তন (একরে)	মৌজা	সম্ভাব্য সরকারি মূল্য (প্রতি বছর) (টাকা)	বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারা মূল্য (টাকা)	সরকার নির্ধারিত ৫% বর্ধিত হারে (টাকা)	প্রস্তাবিত ইজারার মেয়াদ	মন্তব্য
জামালপুর সদর	০১. গাবতলী বিল	৫.৮৬	সাঁউনিয়া, গণেশপুর	১,৩৮,২৫০	৪,২৪,৭৫০	১,৪৫,১৬৩	১৪৩০-৩২	
	০২. যোগনীদহ বিল	১৩.০৭	মেঘা	৯৪,৫০০	২,৮৩,৫০০	৯৯,২২৫	১৪৩০-৩২	

নিয়মাবলী:

- অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইট অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
- যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্বগিত আদেশ/সিকান্ডের অপেক্ষায় অথবা কোন আদালতের স্বগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।
- জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি www.jamalpur.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।
- জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি জেলা ওয়েব পোর্টাল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালপুর সদর এর নোটিশ বোর্ড হতে জানা যাবে।
- অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ডাফট/পে-অর্ডারের মূল কপি সীলমুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালপুর সদর এ দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে ‘জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পাশে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।
- অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালি আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(লিটুস লরেন্স চিরান)
উপজেলা নির্বাহী অফিসার

ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
জামালপুর সদর, জামালপুর।

স্মারক নং- ৩১.৪৫.৩৯৩৬.০০০.০০৩.০২.২০-৫২

তারিখ: ২৬ জানুয়ারি ২০২৩ খ্রি.


অনুলিপি: সদয় অবগতির জন্য

- সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

অনুলিপি: সদয় অবগতি ও বহল প্রচারের জন্য

- জেলা প্রশাসক, জামালপুর।
- পুলিশ সুপার, জামালপুর।
- মেয়র, জামালপুর পৌরসভা।
- সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা সমবায় কর্মকর্তা, জামালপুর।
- সহকারী কমিশনার আইসিটি শাখা। বিজ্ঞপ্তি জেলা ওয়েব পোর্টালে দেয়ার অনুরোধসহ।
- চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), জামালপুর সদর, জামালপুর।
- সম্পাদক, দৈনিক..... জামালপুর সদর। (বিজ্ঞপ্তি আপনার দৈনিক পত্রিকায় ভেতরের পাতায় সীমিত পরিসরে তারিখে কেবলমাত্র ০১ (এক) দিনের জন্য জরুরিভিত্তিতে প্রকাশের অনুরোধসহ)
- নোটিশ বোর্ড।


(মো: বরকত উল্লাহ)
সহকারী কমিশনার (ভূমি)
জামালপুর সদর, জামালপুর।


২৬/০১/২৩